**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়
বরিশাল
(আইসিটি শাখা)
www.barisal.gov.bd

অক্টোবর/২০২২ মাসের জেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ সোহেল মারুফ, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরিশাল

স্থান : বরিশাল সার্কিট হাউজ সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৪/১০/২০২২ তারিখ, বেলা ২.৩০ টা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বরিশাল জেলা ইনোভেশন কমিটির সভা শুরু করা হয়। তিনি বলেন, ইনোভেশন হলো পরিবর্তন, নতুনত্ব, নতুন ভাব, প্রথা, রীতি, আদি, উদ্ভাবন, নতুনের প্রবর্তন। কাজেই আমাদের সকলকে নতুন কিছু করে দেখাতে হবে। সভাপতির অনুমোতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। সভাপতি গত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী আছে কিনা তা জানতে চান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভায় বরিশাল জেলার বিভিন্ন দপ্তরের চলমান ও সমাপ্ত ইনোভেশন কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | **নিয়মিত ইনোভেশন টিমের সভা আয়োজন:** এ জেলার সকল উপজেলায় ইনোভেশন কার্যক্রম অব্যাহত রাখা এবং নিয়মিত ইনোভেশন টিমের সভা অনুষ্ঠানের বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়। | এ জেলার সকল উপজেলায় নিয়মিত ইনোভেশন টিমের সভা করতে হবে এবং সভার কার্যবিবরণী বিভাগীয় কমিশনার, বরিশাল মহোদয়ের বরাবরে এবং এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল |
| ২. | **চলমান ইনোভেশন প্রকল্প পরিদর্শন** চলমান ইনোভেশন প্রকল্প জেলা ইনোভেশন টিমের সদস্যগণ কর্তৃক পরিদর্শন করা প্রয়োজন মর্মে সকলে মত প্রকাশ করেন। | জেলা ইনোভশন টিমের সদস্যগণ বরিশাল জেলায় চলমান ইনোভেশন প্রকল্প পরিদর্শন করে প্রতিবেদন দিবেন। | জেলা ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |
| ৩ | **নতুন ইনোভেশন আইডিয়া উপস্থাপন:** জেলা এবং উপজেলার পর্যায়ে ক্যাসকেডিংকর্মশালা আয়োজনের মাধ্যমে নতুন নতুন উদ্যোগ গ্রহণ এবং ইনোভেশনের তালিকা হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্থারিত আলোচনা হয়। | ক্যাসকেডিংকর্মশালা আয়োজনের মাধ্যমে নতুন নতুন উদ্যোগ গ্রহণ এবং ইনোভটেরদের উৎসাহ প্রদান অব্যাহত রাখতে হবে। | জেলা ইনোভেশন টিমের সদস্যবৃন্দ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৪ | **মাল্টিমিডিয়া ক্লাসরুম ও মিড-ডে মিল :** সভায় মাল্টিমিডিয়া ক্লাসরুম ও মিড-ডে মিল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ জেলার সকল উপাজেলা নির্বাহী অফিসারগণকে স্ব-স্ব উপজেলার মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শণ এবং প্রতিটি স্কুলকে মিড-ডে মিল এর আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | এ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার স্ব-স্ব উপজেলায় নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শণ এবং প্রতিটি স্কুলকে মিড-ডে মিল এর আওতায় আনবেন এবং নিজ উদ্যোগে পুরস্কারসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল |

ক) নতুন গৃহীত উদ্যোগ

| ক্র: | দপ্তর | চলমান উদ্ভাবনী প্রকল্পের নাম |
|---|---|---|
| ১. | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বরিশাল | মাটির সমস্যা সমাধান ও ফসলের উপযোগিতা নিরূপন |
| ২. | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বরিশাল | মৃত্তিকা ও ভূমিরূপ মানচিত্র ব্যবহার করে প্রধান ফসলের জন্য সার সুপারিশ কার্ড বিতরণ |

খ) চলমান উদ্যোগ:

| ক্র: | দপ্তর | চলমান প্রকল্প |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল | জেলার সকল সরকারি ও বেসরকারি দপ্তরের জরুরী যোগাযোগ নাম্বার এবং অন্যান্য তথ্য সম্বলিত "ডিজিটাল বরিশাল" নামক মোবাইল এ্যাপস |
| ২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গৌরনদী, বরিশাল | ইউডিসি থেকে মোবাইল এসএমএস এর মাধ্যমে জন্ম-নিবন্ধনের কনফার্মেশন বার্তা প্রদান |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আগৈলঝাড়া, বরিশাল | সাবলীলভাবে পড়তে পারা সপ্তাহের সেরা শিক্ষার্থী নির্বাচন |
| ৪. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল সদর, বরিশাল | কাঁচাবাজার মোবাইল এপ্লিকেশন |
| ৫. | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল | চাকুরী প্রত্যাশী ছাত্র-ছাত্রীদের জন্য Career Guide নামে প্রতি মাসে একটি সেমিনার আয়োজন করা |

গ) সমাপ্তকৃত উদ্যোগ:

| ক্র: | দপ্তর | সমাপ্ত প্রকল্প |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল | সহশিক্ষা কার্যক্রম চালু আছে এমন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রীদের জন্য পৃথক ওয়াশব্লক নির্মাণ |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার কার্যালয়, উজিরপুর, বরিশাল | বহি: বিভাগে স্বাস্থ্য সেবা সহজীকরণে হেলথ কার্ডের প্রচলন |
| ৩. | উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, বরিশাল সদর, বরিশাল | ব্লক পর্যায়ে কৃষি তথ্য সেবা নিশ্চিতকরণ |
| ৪. | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল | বেকার যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির জন্য খাঁচায় মাছ চাষ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সোহেল মারুফ)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
বরিশাল

স্মারক নং-০৫.১০.০৬০০.১২৭.০৬.০০১.১৯.১৯৬

তারিখ : ১৯ আশ্বিন ১৪২৯
০৪ অক্টোবর ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।

৪। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।

৫। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

৬। জেলা প্রশাসক, বরিশাল।

৭। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বরিশাল।

৮। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল।

৯। অধ্যক্ষ, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল।

১০। জনাব রাহাত হোসেন ফয়সাল, সহযোগী অধ্যাপক, সিএসই বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।

১১। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।

১২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল সদর, বরিশাল।

১৩। ..............................................................................................।

১৪। অফিস কপি।

৪/১০/২০২২

(মোঃ সোহেল মারুফ)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
বরিশাল